R. N. No. 2532/57

Regd. No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

এভারেষ্ট
এ্যাসবেসটস শীট
বৈশিষ্ট্যতায় ভরা, কয়েক দশক ধরে সকলের প্রিয়।
মহকুমার একমাত্র পরিবেশক—
এস, কে, রায়
হার্ডওয়ার ষ্টোর্স
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ
ফোন নং—৪

৬৪শ বর্ষ
১৮শ সংখ্যা

রঘুনাথগঞ্জ, ২৮শে ভাদ্র, বুধবার, ১৩৮৪ সাল।
১৪ই সেপটেমবর, ১৯৭৭ সাল।

নগদ মূল্য : ১৫ পয়সা
বার্ষিক ৭৲, সডাক ৮

## সড়ক পরিবহণ ব্যবস্থা সঙ্গীন, পূর্ত্ত বিভাগ উদাসীন

নিজস্ব সংবাদদাতা : মুর্শিদাবাদের ৪টি মহকুমার মধ্যে জঙ্গিপুর মহকুমা সবচেয়ে বেশী সমস্যাসংকুল। একদিকে বহু আলোচিত ফরাক্কা বাঁধ উপনগরী আর একদিকে অনুন্নত সাগরদীঘি—বিস্তীর্ণ এই এলাকায় যোগাযোগ রক্ষা দিনের পর দিন এক অসহনীয় অবস্থায় পৌঁচেছে। যানবাহন বেড়েছে, বহু কাঁচা-পাকা সড়কের আংশিক সংস্কার হয়েছে, তবুও যান ও সড়ক সমস্যার কোন স্থায়ী সুরাহা হয়নি। কয়েকটি রুটে ১৪৪ ধারা ভেঙ্গে বেপরোয়া যান চলাচল, বাসের ছাদে বিপদজনকভাবে যাত্রীবহন যাত্রীসাধারণের মনে বেশ আতংকের সৃষ্টি করেছে। প্রশাসনের কর্ত্তাদের সমস্ত নিয়ম কানুন ও নির্দেশকে বৃদ্ধ অঙ্গুষ্ঠ দেখিয়ে অতিরিক্ত পয়সার লোভ যাত্রীদের জীবন নিয়ে ছিনিমিনি খেলছে। জেলা আঞ্চলিক পরিবহণ সংস্থা এ ব্যাপারে সম্পূর্ণ উদাসীন রয়েছেন। রঘুনাথগঞ্জ-মুরারই রুটে এ নিয়ে বহু দুর্ঘটনা ঘটেছে, বহু ব্যক্তি প্রাণ হারিয়েছেন। কিন্তু তবুও চেতনা হয়নি ওদের। সম্প্রতি ঐ রুটেরই 'সেবক' বাসের ছাদ থেকে পড়ে দু'ব্যক্তি গুরুতররূপে আহত হোয়ে হাসপাতালে এসেছিলেন। অভিযোগ, বাসের তুলনায় যাত্রীর সংখ্যাধিক্য সত্ত্বেও এ রুটে বাসের সংখ্যা বাড়েনি। খবরে প্রকাশ, ঐ রুটের বাস মালিকরাই নাকি এর পথে বাধা হয়ে দাঁড়িয়েছেন। এ ছাড়াও সাগরদীঘি ফরাক্কা প্রভৃতি রুটে অনিয়মিত ও খেয়ালখুশী মত বাস চলাচলে যাত্রীরা রীতিমত ক্ষুব্ধ। ষ্টেট ও মিনি বাসগুলিও স্বাচ্ছন্দ্যদানে অক্ষম। মাঝপথে তেল ফুরিয়ে গিয়ে ষ্টেট বাস বিকলের ঘটনাও বিরল নয়।

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## সড়ক সংস্কারের সমস্ত প্রয়াস ব্যর্থ

নিজস্ব সংবাদদাতা : সাগরদীঘি থানার কান্তনগর গ্রাম থেকে মনিগ্রাম রেলওয়ে ষ্টেশন পর্যন্ত বিস্তৃত কাঁচা রাস্তাটিকে পাকা রাস্তায় পরিণত করতে গ্রামবাসীদের ১৯ বছরের প্রয়াস ব্যর্থ হয়েছে। তপসিল জাতি ও উপজাতি অধ্যুষিত অনুন্নত বহু গ্রাম গুরুত্বপূর্ণ এই রাস্তার ধারে অবস্থিত। মনিগ্রাম হাসপাতাল, হাই স্কুল, ডাকঘর, দোকান প্রভৃতি দৈনন্দিন কাজে রাস্তাটি একমাত্র অবলম্বন। ১৯৫৯ সালে তৎকালীন জেলা শাসক ও মন্ত্রীমশাই রাস্তাটি পাকা করার আশ্বাস দেন। তার ১৩ বছর পর ১৯৭২ সালে জঙ্গিপুর মহকুমা শাসক সাগরদীঘির বিডিও মারফৎ প্ল্যান-এষ্টিমেট করিয়ে জেলা শাসকের অফিসে পাঠিয়ে দেন অনুমোদনের জন্য। ১৯৭৪ সালে

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## 'কারসাজিতে কেরোসিনের হাহাকার' টি কে ডি বাতিল হোক, অভাব ঘুচবে

বিশেষ প্রতিনিধি, ১৭ সেপটেমবর - তালুকা কেরোসিন ডিপো বাতিল হলে জঙ্গিপুর মহকুমায় তেলের অভাব ঘুচবে। কেরোসিনের জন্য এখন গ্রামের মানুষকে যে বেগ পেতে হচ্ছে, সরাসরি মৌরীগ্রাম থেকে মহকুমার এজেন্টদের কেরোসিন তেল সরবরাহ করা হলে গ্রামাঞ্চলে কেরোসিন সহজলভ্য হবে। 'কেরোসিনে মহকুমাকে ডুবিয়ে রাখা যাবে।' কিছুদিন আগে এক প্রশ্নের উত্তরে কথাগুলি বলেছিলেন জঙ্গিপুর মহকুমা খাদ্য ও সরবরাহ নিয়ামক জি মণ্ডল। টি কে ডি প্রথা কে প্রবর্তন করেন, তা তিনি জানেন না। জরুরী অবস্থার সময় বহরমপুরে একজন ব্যবসায়ীর নিয়ন্ত্রণে তালুকা কেরোসিন ডিপো ( সংক্ষেপে টি কে ডি ) নামে ভারতীয় তেল করপোরেশনের একটি সরবরাহ

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## বন্যা নিয়ে আলোচনা

বিশেষ প্রতিনিধি, ১১ সেপটেমবর —কেন্দ্রীয় কৃষি বিভাগের অতিরিক্ত সচিব এস পি মুখারজি গত রবিবার জঙ্গিপুর মহকুমা শাসক মীরা সেনগুপ্ত এবং অন্যান্যদের সঙ্গে মহকুমার বন্যা ও জলমগ্ন এলাকার সমস্যার স্থায়ী এবং অস্থায়ী সমাধান নিয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি ইষ্টার্ণ এমব্যাঙ্কমেণ্ট এর ইনলেট এবং ধুলিয়ানের গঙ্গা ভাঙন এলাকা ও পরিদর্শন করেন। বন্যা সমীক্ষার জন্য ২৫ সদস্যের একটি কেন্দ্রীয় দল জেলায় এসেছিলেন, পি সি মুখারজি তাঁদেরই একজন। গতকাল তাঁরা দুই ভাগে বিভক্ত হয়ে কান্দী ও জঙ্গিপুর মহকুমা পরিদর্শন করেন। কান্দী মহকুমা পরিদর্শক দলের সঙ্গে জয়সুখলাল হাতি ছিলেন বলে জানা গেছে।

## মির্জাপুরে দুটি রাস্তা

সি ভি আর স্কীমে মির্জাপুরে সম্প্রতি জেলা স্কুল বোরডের রাস্তা বিশ্বাসপুকুর পর্যন্ত ভায়া পাকুড়তলা এবং অঞ্চল অফিস থেকে ঈশান কালীতলা পর্যন্ত রাস্তা দুটির কাজ শুরু হয়েছে। রাস্তাগুলি তৈরীতে খরচ পড়বে আনুমানিক ৩০ হাজার টাকা, তার মধ্যে ১০ হাজার টাকা গ্রামবাসীদের কাছ থেকে তোলা হয়েছে। রাস্তার কাজ সম্পূর্ণ হলে এলাকার প্রায় ১০ হাজার লোক উপকৃত হবেন।

## ট্রেনে ছিনতাই প্রতিরোধে যুবক ছুরিকাহত

সাগরদীঘি, ১৩ সেপটেমবর—গতকাল সন্ধ্যায় ডাউন গয়া প্যাসেঞ্জার ট্রেনে ছিনতাই প্রতিরোধ করতে গিয়ে সাগরদীঘির একজন যুবক ছুরিকাহত হয়েছেন। ঘটনার বিবরণে প্রকাশ, ট্রেনের একটি কামরায় একদল ছিনতাইকারী ওঠে। ট্রেনটি মনিগ্রাম ঢোকার আগে তারা যাত্রীদের সর্বস্ব ছিনিয়ে নেওয়ার চেষ্টা করে। সাগরদীঘির কয়েকজন যুবক ওই কামরায় ছিলেন। তাঁরা ছিনতাইকারীদের বাধা দেওয়ার চেষ্টা করেন। ছিনতাইকারীরা সহদেব চক্রবর্তী নামে একজন প্রতিরোধকারী যুবককে ছুরি মারে। তিনি আহত হন। ছিনতাইকারীদের হাতে কামরার এক মাড়োয়ারী পরিবারের তিনজন আহত হন। তাঁদের মধ্যে একজনের আঘাত গুরুতর। মনিগ্রাম ষ্টেশনে ট্রেন থামার আগেই ছিনতাইকারীরা যাত্রীদের সর্বস্ব ছিনিয়ে নিয়ে নেমে পড়ে। আহত সহদেব চক্রবর্তীকে জঙ্গিপুর মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়েছে। মাড়োয়ারী পরিবারকে আজিমগঞ্জ নিয়ে যাওয়া হয়েছে।

## 'হাসপাতালে টাকার খেলা' : অভিযোগ

অরঙ্গাবাদ ১০ সেপটেমবর— সুতী থানার মলেশাইল প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ভর্তি একজন রোগীর কাছ থেকে ভালো ওষুধ দেওয়ার লোভ দেখিয়ে জনৈক জি ডি এ কিছু টাকা নিয়েছেন—এই অভিযোগে স্থানীয় কয়েকজন যুবক সংশ্লিষ্ট জি ডি একে ধরলে তিনি নাকি স্বীকার করেন যে, তাঁরা এভাবে টাকা নিয়ে থাকেন এবং সেই টাকার ভাগাভাগি হয়ে থাকে। যুবকরা 'হাসপাতালে

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

২৮শে ভাদ্র বুধবার, সন ১৩৮৪ সাল।

## তাপ বিদ্যুৎ কেন্দ্র

ন্যাশনাল থারমাল পাওয়ার কর্পোরেশন লিমিটেডের অধীনে ভারতে যে ছয়টি তাপ বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপন করা হইবে, ফরাক্কা তাপ বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র তাহাদের অন্যতম। গত সপ্তাহে আমাদের পত্রিকায় প্রকাশিত সংবাদে দেখা যায় যে, ছয় সদস্য বিশিষ্ট দুইটি সমীক্ষক দল উল্লেখিত তাপ বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের স্থান নির্বাচনের জন্য তিন জায়গায় সমীক্ষা চালাইতেছেন। আহিরণে চাঁদের বিল এবং ফারক্কা ব্যারেজের প্রায় আড়াই বর্গ মাইল উদ্‌বৃত্ত জমি এলাকায় সমীক্ষার কাজ শেষ হইয়াছে। ফরাক্কার বেনিয়াগ্রাম অঞ্চলে ( বিহার সীমান্ত ) সমীক্ষা চলিতেছে।

আমরা জানিয়াছি, সমীক্ষা-বিশেষজ্ঞদের অভিমত এই যে, চাঁদের বিল অথবা ফরাক্কা ব্যারাজের উদ্‌বৃত্ত জমি প্রস্তাবিত তাপ বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপনের পক্ষে উপযুক্ত। বেনিয়াগ্রাম অঞ্চলে এই উৎপাদন কেন্দ্র স্থাপনে কতকগুলি অসুবিধা আছে; যেমন নূতন করিয়া জমির অধিগ্রহণ, তৎসংক্রান্ত মামলা-মোকর্দমা এবং জমির মালিকদের ক্ষতিপূরণ দান। তাহাতে একদিকে আছে আর্থিক দায়, অপরদিকে কাজের বিলম্ব। কিন্তু চাঁদের বিল রাজ্য সরকারের এবং ফরাক্কা ব্যারাজের উদ্‌বৃত্ত জমি কেন্দ্রীয় সরকারের বলিয়া অধিগ্রহণ, মোকর্দমা, ক্ষতিপূরণ দান ইত্যাদির কোন প্রশ্ন তাহাতে নাই এবং এই প্রকল্প চালু হইতে বিলম্বও হইবে না। তাহা ছাড়া তাপ বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপনের খরচও অনেক কমিয়া যাইবে। সুতরাং চাঁদের বিল অথবা ফরাক্কা ব্যারাজের উদ্‌বৃত্ত জমি—এই দুইটির যে-কোন একটি স্থানকে উল্লেখিত কাজের জন্য নির্বাচিত করাই সমীচীন।

বিশেষজ্ঞ দল যে সমীক্ষা চালাইতেছেন, তাহার মূলে আছে রাজ্য মুখ্যমন্ত্রী শ্রীজ্যোতি বসুর আন্তরিক প্রচেষ্টা ও তৎপরতা। এই জন্য তিনি রাজ্যবাসীর শ্রদ্ধা আকর্ষণ করিবেন। যে মহৎ সঙ্কল্প লইয়া তিনি কাজটি চালু করাইয়াছেন, তাহাতে সর্বস্তরের মানুষ তাঁহাকে সমর্থন জানাইবেন।

কিন্তু প্রসঙ্গত কিছু কথা আসিয়া পড়িতেছে। ঘরপোড়া গরু সিঁদুরে মেঘে ডরায়। এই রাজ্যবাসীর আজ সেই অবস্থা। একদিকে বেকারত্বের জ্বালা, অন্য দিকে আর্থিক অস্বচ্ছলতায় ক্রম ধুঁকায়মান এই রাজ্য নানাভাবে বঞ্চিত। বড় বড় শিল্প ইতউতি গিয়াছে, হলদিয়ায় জাহাজ নির্মাণ কারখানা অন্যত্র গিয়াছে, ফরাক্কার জল এখনও উজান বহিতেছে, কবে হুগলী নদীতে নামিবে কে জানে। কাজেই ফরাক্কা তাপ বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রটি এই রাজ্যে স্থাপিত না হইবার আশঙ্কা যদি রাজ্যবাসী করেন, তাহাতে দোষ দেওয়া যায় না। অপর কোন রাজ্য যদি ছোঁ মারিয়া তাহা তুলিয়া লয়, তবে এই রাজ্যকে হাঁ করিয়া দেখিতে হইবে। হলদিয়ার পেট্রো-কেমিকেল না ফরাক্কার তাপ বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র—এই বিকল্পতার প্রশ্ন যদি আসে, তাহা কেহই মানতে চাহিবেন না। আমরা মুখ্যমন্ত্রীর কাছে এই আবেদন করিতেছি। ফরাক্কা তাপ বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র, হলদিয়ার পেট্রো-কেমিকেল আমাদের চাই। মুখ্যমন্ত্রী শেষোক্তটির জন্য সোচ্চার হইয়াছিলেন, আমরা জানি। তেমনি তাপ বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের জন্য সমান সোচ্চার হইতে হইবে। দেশের বাঁচা-মরার স্বার্থ যাহাতে জড়িত, তাহার জন্য রাজ্যের সর্বস্তরের মানুষ তাঁহার সহিত একযোগে দৃঢ়-স্বরে দাবী জানাইতে দ্বিধা করিবেন না।

## চিঠি-পত্র

( মতামত পত্রলেখকের নিজস্ব )

### *অধ্যক্ষের বিরুদ্ধে তদন্ত*

উল্লিখিত শিরোনামায় গত সপ্তাহের জঙ্গিপুর সংবাদে প্রকাশিত খবরে অর্থের অপব্যয় এবং তছরূপের ঘটনা সম্পূর্ণ ভিত্তিহীন এবং মন্দ উদ্দেশ্য প্রণোদিত। এটা কলেজ গভরনিং বডির সদস্যদের পক্ষে সম্মান হানিকর। অধ্যক্ষ কোন কর্মচারীর বিরুদ্ধেই তদন্তকারী অফিসারের কাছে কিছুই বলেননি। লাইব্রেরিয়ান এবং হেড ক্লারকের মত সুদক্ষ, বিশ্বস্ত, নিষ্ঠাবান্ এবং সচ্চরিত্র কর্মীর বিরুদ্ধে অধ্যক্ষের কোন অভিযোগের প্রসঙ্গই ছিল না।

এই ভিত্তিহীন সংবাদ প্রচার এই দুই নিষ্ঠাবান্ অভিজ্ঞ এবং সম্ভ্রান্ত কর্মীর পক্ষে সম্মান হানিকর এবং কলেজের পক্ষে ক্ষতিকর।—শ্রীসচ্চিদানন্দ ধর, অধ্যক্ষ, জঙ্গীপুর কলেজ।

## খেলার খবর

নিজস্ব সংবাদদাতা, ৯ সেপ্টেম্বর—বহরমপুর কলেজিয়েট স্কুল দলকে ৪-০ গোলে পরাজিত করে সুব্রত কাপ ফুটবল আন্তঃ বিদ্যালয় প্রতিযোগিতায় আজিমগঞ্জ ডন বসকো স্কুল জেলার সেরা খেতাব অর্জন করেছে। এরপর তারা অন্য জেলার শীর্ষস্থানীয় স্কুল দলের সঙ্গে প্রতিদ্বন্দ্বিতা করবে। আজ রঘুনাথগঞ্জ ম্যাকেঞ্জি ময়দানে খেলাটি অনুষ্ঠিত হয়।

**থানা নক্ আউট**ঃ গ্রামের খেলাধূলায় উৎসাহ দানের উদ্দেশ্যে সাগরদীঘি বিজয় সরস্বতী ক্লাব থানা নক্ আউট ফুটবল টুরনামেনটের আয়োজন করেছেন। টুরনামেনটে শীল্ড এবং অন্নপূর্ণা স্মৃতি কাপ দেওয়া হবে। ১৭ সেপ্টেম্বর থেকে টুরনামেনট শুরু হচ্ছে বলে জানানো হয়েছে।

**সন্তরণ প্রতিযোগিতা**ঃ গত ১১ সেপ্টেম্বর সকালে বাহাদিনগর প্রতাপপুর পল্লী মঙ্গল নব সংঘের উদ্যোগে রঘুনাথগঞ্জের খড়খড়ি নদীতে স্থির জলে দু' কিলোমিটার সন্তরণ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। মোট চৌদ্দ জন সাঁতারু এতে অংশ গ্রহণ করেন। রঘুনাথগঞ্জ বিদ্যালয়ের দশম শ্রেণীর ছাত্র প্রশান্তকুমার হালদার প্রথম, নারায়ণচন্দ্র হালদার দ্বিতীয় এবং গোপালচন্দ্র মজুমদার ( জঙ্গিপুর কলেজের ছাত্র ) তৃতীয় স্থান অধিকার করেন।

## হত্যা না আত্মহত্যা ?

রঘুনাথগঞ্জ, ১২ সেপ্টেম্বর—গতকাল এই থানার বোলতলা গ্রামের একটি পুকুর থেকে নুরজাহান বিবি নাম্নী জনৈকা বিবাহিতা মহিলার মৃতদেহ গলায় কলসী ও ইট এবং দেহের উপরিভাগে রসা বাঁধা অবস্থায় উদ্ধার করা হয়েছে। স্বামী নবীর মিস্ত্রীর সঙ্গে তার বনিবনা ছিল না বলে পুলিশ ঘটনাটিকে হত্যাকাণ্ড সন্দেহে জঙ্গিপুর আদালতে ৩০২, ২০১ ও ৩৪ ধারায় একটি মামলা রুজু করেছে। নবীর মিস্ত্রী পলাতক। খবরটি পুলিশ সূত্রের।

## দ্বাদশ শ্রেণীর জন্য

রঘুনাথগঞ্জ, ১২ সেপ্টেম্বর—বিশ্বস্ত-সূত্রে জানা গেল, রঘুনাথগঞ্জ মাধ্যমিক বিদ্যালয়ের বর্তমান পরিচালক সমিতি বিদ্যালয়ে দ্বাদশ শ্রেণী চালু করার উদ্দেশ্যে গৃহীত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে বিদ্যালয় ভবন নির্মাণের জন্যে প্ল্যান ও এষ্টিমেটসহ লুথরান ওয়ার্লড সারভিস ( জঙ্গিপুর শাখা )-এর ম্যানেজারের কাছে মহকুমা শাসক বরাবর আবেদন করেছেন। আরও জানা গেছে, মহকুমা শাসক এবং সেকেণ্ড অফিসার এই বিদ্যালয়ে দ্বাদশ শ্রেণী চালুর জন্যে যথেষ্ট আগ্রহ এবং সহানুভূতি প্রদর্শন করেছেন।

### *শিক্ষকের বাড়ি চড়াও*

রঘুনাথগঞ্জ, ১১ সেপ্টেম্বর—গত রবিবার এই থানার ইসলামপুরে সাগরদীঘি থানার হরহরি হাই স্কুলের প্রধান শিক্ষক সফিকুল আলমের বাড়ি চড়াও হয় একদল সশস্ত্র দুর্বৃত্ত। পুলিশ জানায়, পুরানো গ্রাহ চরিতার্থ করতে দুর্বৃত্তরা তাঁর বাড়ি চড়াও হলে তিনি বন্দুকে এক রাউণ্ড ব্ল্যাঙ্ক ফায়ার করেন। পুলিশ তাঁর বন্দুকটি আটক করেছে।

### *গণসেবায় সাঁই সমিতি*

সাগরদীঘি, ১২ সেপ্টেম্বর—স্থানীয় সাঁই সমিতি গতকাল প্রায় ৭০ জন রোগীকে বিনা পারিশ্রমিকে চিকিৎসা করে বিনামূল্যে ওষুধ সরবরাহ করেন। এই সমিতি ইদানীং গণসেবায় আত্মনিয়োগ করেছেন।

### *লোকগীতি ও বাউল সঙ্গীত*

তথ্য ও জনসংযোগ দপ্তর এবং ফিল্ড পাবলিসিটি যৌথভাবে ১২ সেপ্টেম্বর রাত্রে সাগরদীঘি ফ্রেণ্ডস ক্লাবের পরিচালনায় সাগরদীঘিতে নবীন সঙ্গীত পরিষদের পল্লীগীতি, লোকগীতি এবং বাউল সঙ্গীত পরিবেশন করেন। নবীন কয়াল, ভক্তদাস বাউল প্রমুখ অনুষ্ঠানে অংশ গ্রহণ করেন। ১৩ সেপ্টেম্বর অরঙ্গাবাদ তাঁতিপাড়ায় অনুরূপ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

### *কবি-সাহিত্যিকের জন্মদিন*

গত ৭ সেপ্টেম্বর প্রবীণ কবি-সাহিত্যিক সত্যেন্দ্রনাথ বড়ালের ৬৮তম জন্মদিন পালিত হয় জঙ্গিপুর টাউন ক্লাব হলে, তাঁর কয়েকজন গুণমুগ্ধের প্রচেষ্টায়।

## চিচিং বন্ধ চিচিং ফাঁক

সাগরদীঘি, ১০ সেপ্টেম্বর—সম্প্রতি এই ব্লকের ভোলা গ্রামের প্রাথমিক বিদ্যালয় শিক্ষকদের নানাবিধ 'দুর্নীতির' প্রতিবাদে গ্রামবাসারা অনির্দিষ্টকালের জন্য বিদ্যালয়ে তালা লাগিয়ে দেন। খবর পেয়ে মুর্শিদাবাদ জেলা প্রাথমিক বিদ্যালয়সমূহের পরিদর্শক সরেজমিনে তদন্তের জন্য বিদ্যালয়ে আসেন। গ্রামবাসীরা তাঁর কাছে শিক্ষকদের বিরুদ্ধে বহু অভিযোগ করেন। তিনি সুস্পষ্ট প্রতিকারের আশ্বাস দিলে গ্রামবাসীরা বিদ্যালয়ের তালা খুলে দেন। রঘুনাথগঞ্জে সাগরদীঘি স্কুল অফিস সূত্রে জানা যায় ঘটনাটি, গ্রাম্য দলাদলির একটি উল্লেখযোগ্য দৃষ্টান্ত'।

## অফিসের কাগজপত্র চুরির চেষ্টা ব্যর্থ

রঘুনাথগঞ্জ, ১২ সেপ্টেম্বর—গত সোমবার জঙ্গিপুর খাদ্য ও সরবরাহ নিয়ামকের স্থানীয় অফিস থেকে কয়েকটি ছেলে এক বস্তা সরকারী নথিপত্র চুরি করে নিয়ে পালাবার চেষ্টা করে। পথে কয়েকজন প্রতিবেশী নাগরিক তাদের ওই অবস্থায় দেখে ফেলায় তারা রাস্তায় নথিপত্রের বস্তাটি ফেলে চম্পট দেয়। ওই দিন জন্মাষ্টমীর ছুটি উপলক্ষে অফিস বন্ধ ছিল। সেই অবস্থায় চুরি কি করে সম্ভব, কারও বোধগম্য হয়নি।


১নং পাটনা বিড়ি, ১নং আজাদ বিড়ি
সিনিয়র রুস্তম বিড়ি
**বঙ্গ আজাদ বিড়ি ফ্যাক্টরী**
পোঃ ধুলিয়ান (মুর্শিদাবাদ)
সেলস্ অফিস : গৌহাটি ও তেজপুর
ফোন : ধুলিয়ান—২১

**ক্যালকাটা সাইকেল ষ্টোর**
(জগন্নাথের সাইকেলের দোকান)
**ফুলতলা** রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)
বাজার অপেক্ষা সুলভে সমস্ত প্রকার সাইকেল, রিক্সা স্পেয়ার পার্টস বিক্রয় ও মেরামতির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

*এখন দুর্গাপুর সিমেন্ট*
*২১.৫০ পঃ মূল্যে*
*পাওয়া যাচ্ছে*
**মাঙ্গিলাল মুন্দ্রা** (ষ্টকিষ্ট)
জঙ্গিপুর ফোন- ২১
সৌজন্যে : মুন্দ্রা বস্ত্রালয়
জঙ্গিপুর ফোন—৩৯


## মদে পুলিশের মদত

ধুলিয়ান, ১৪ সেপ্টেম্বর—গত এপ্রিল মাস থেকে আগষ্ট মাস পর্যন্ত ধুলিয়ান আবগারী বিভাগ ১৪০ লিটার বে-আইনী মদ, ২৪০ লিটার মদ তৈরীর জাওয়া ও প্রচুর পরিমাণে মদ তৈরীর সাজসরঞ্জাম উদ্ধার ও আটক করেছে। বে-আইনী মদের কারবারের বহু অভিযোগ লিপিবদ্ধ করা হয়েছে এবং অনেক বে-আইনী মদ বিক্রেতাকে জরিমানা দিতে হয়েছে। আবগারী কর্মীদের তৎপরতায় বে-আইনী মদ বিক্রী প্রায় বন্ধ হ'য়ে এসেছে এবং এ ধরনের কিছু মদের দোকান হোটেলে রূপান্তরিত হয়েছে। গত সপ্তাহে এক সাক্ষাৎকারে আবগারীর ভারপ্রাপ্ত অফিসার এ খবর দিয়ে জানিয়েছেন, তৎপরতার ফলে সরকারের রাজস্ব আদায় দ্বিগুণ বৃদ্ধি পেয়েছে। তিনি দুঃখের সঙ্গে জানান, আগষ্ট মাসে অবৈধ মদ বিক্রীর একটি অভিযোগ সামসেরগঞ্জ থানায় লিপিবদ্ধ করা সত্ত্বেও পুলিশ মদ বিক্রেতাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা এখনও গ্রহণ করেনি, এটা মদ বিক্রেতাদের মদত দেওয়ার সামিল। পুলিশের সহযোগিতা ছাড়া আবগারীর কাজে ভীষণ অসুবিধা হয়।

### শিক্ষা কনভেনসন

অরঙ্গাবাদ, ১১ সেপ্টেম্বর—সুষ্ঠু পরীক্ষা ব্যবস্থা, শিক্ষাক্ষেত্রে হামলা-বাজদের বিরুদ্ধে শাস্তি এবং শিক্ষার সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত আনুষঙ্গিক দাবির ভিত্তিতে গত ৩১ আগষ্ট অরঙ্গাবাদ শহরে এস এফ আই-এর ডাকে মহকুমা শিক্ষা কনভেনসন অনুষ্ঠিত হয়।

**সাগরদীঘিতে :** গত ৪ সেপ্টেম্বর শিক্ষা দপ্তরের রাষ্ট্রমন্ত্রী আবদুল বারি সাগরদীঘি উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত এক শিক্ষা কনভেনসনে যোগ দেন। তিনি শিক্ষার বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন।

## ক্লাবের প্রতিষ্ঠা বার্ষিকী

রঘুনাথগঞ্জ, ৯ সেপ্টেম্বর—গত শুক্রবার স্থানীয় অগ্নিফৌজ এ্যাথলেটিক ক্লাবের ১৯তম প্রতিষ্ঠা বার্ষিকী বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে পালন করা হয়। পতাকা উত্তোলন, দৌড় প্রতিযোগিতা, বিচিত্রানুষ্ঠান, আলোচনা চক্র প্রভৃতি ছিল অনুষ্ঠানের অঙ্গ। দৌড় প্রতিযোগিতায় ১ম, ২য় ও ৩য় স্থান অধিকার করেন যথাক্রমে সনাতন দাস, নয়ন চাকী ও গৌতম বর্মণ।


**উঁচু, মাঝারি, নীচু সব ধরনের জমিতে**
**জলদি, মাঝারি, নাবি**
**সব রকমের উচ্চফলনশীল**
**ও দেশী ধানের চাষে**




**চাপান দিতে**
**একমাত্র**
**লাভজনক সার**
**ইউরিয়া** ব্যবহার করুন

দি ফার্টিলাইজার কর্পোরেশন অফ ইণ্ডিয়া লিমিটেড
পূর্বাঞ্চল বিপণন বিভাগ, পশ্চিমবঙ্গ অঞ্চল, দুর্গাপুর-১২
শাখা কার্যালয় :
মুচিপাড়া, দুর্গাপুর, বর্ধমান ● ৩বি, ক্যামাক স্ট্রীট, কলিকাতা-৭১ ● ক্ষুদিরাম বোস রোড, মেদিনীপুর ● শহীদ সূর্য সেন স্ট্রীট, বহরমপুর, মুর্শিদাবাদ ● বিধান রোড, শিলিগুড়ি, উত্তরবঙ্গ।
Progressive/FCI (D) 5/76

## তিনজন ডাকাত ধৃত

রঘুনাথগঞ্জ, ১৩ সেপটেমবর—গোপন সূত্রে খবর পেয়ে রঘুনাথগঞ্জ থানার এস আই অসীম ব্যানারজি, কনষ্টেবল ব্যোমকেশ দাস এবং লালগোলা থানার এস আই অরবিন্দ দাস গতকাল সম্মিলিত অভিযান চালিয়ে জঙ্গিপুর মহকুমা হাসপাতাল চত্বর থেকে ৩ জন কুখ্যাত ডাকাতকে গ্রেপ্তার করেছেন। তাদের মধ্যে একজনের বাঁ হাত বোমার ঘায়ে জখম হওয়ায় কেটে বাদ দিতে হয়েছে। লালগোলা থানার কৃষ্ণপুর গ্রামে জনৈক রেশন ডিলারের বাড়িতে ডাকাতির অভিযোগে লালগোলা পুলিশ এদের খুঁজছিল বলে জানা গেছে। ধরা পড়ার কয়েক মিনিট আগে ডাকাতরা হাসপাতাল থেকে ছাড়া পায় বলে জানা যায়।

### কেরোসিনের হাহাকার

( ১ম পৃষ্ঠার পর )

প্রতিষ্ঠান গড়ে ওঠে। জঙ্গিপুর এবং বহরমপুর মহকুমাকে এই প্রতিষ্ঠানের সঙ্গে জুড়ে দেওয়া হয়। কান্দী এবং লালবাগ মহকুমা আগের মতই মৌরী-গ্রামের সঙ্গে যুক্ত থাকে। কেরোসিন 'ভর্তি-খালাসের ব্যাপারে গ্যাঁড়াকল' থাকায় এজেন্টরা টি কে ডি থেকে কেরোসিন নিতে চান না। তার ওপর পরিবহণে বাড়তি ভাড়ার সমস্যা তো আছেই। কাজেই জঙ্গিপুরের অভাব কৃত্রিম। একজন মাত্র ব্যবসায়ীর কারসাজিতে কেরোসিনের হাহাকার উঠেছে। এই হাহাকার মেটাতে হলে এখনই জঙ্গিপুর মহকুমাকে টি কে ডি থেকে বিচ্ছিন্ন করতে হবে অথবা টি কে ডি বাতিল করতে হবে। মৌরীগ্রামের সঙ্গে যুক্ত হলে কেরোসিন তেলের বন্যা বয়ে যাবে।

### সমস্ত প্রয়াস ব্যর্থ

( ১ম পৃষ্ঠার পর )

জেলা পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ থেকে জানানো হয়, আগামী বছর রাস্তার কাজ হাতে নেওয়া হবে। কিন্তু আজ পর্যন্ত কোন প্রয়াস চোখে পড়েনি। ফলে হাজার হাজার গ্রামবাসীর দুর্দশা আগের মতই থেকে গেছে। চাঁদপাড়া উপলাই বিলের কাঠের সেতু থেকে উত্তর দিকে প্রায় ছ'ফুট এলাকা জুড়ে রাস্তাটি জল-কাদায় এমনভাবে পরিপূর্ণ হয়েছে যে, মানুষও যানবাহন চলাচল অসম্ভব হয়ে পড়েছে।

## পোষ্ট মাষ্টার গ্রেপ্তার

সাগরদীঘি, ১২ সেপটেমবর—বহরমপুর পোষ্টাল ইনসপেকটরের অভিযোগক্রমে সাগরদীঘি পুলিশ এই থানার পিলকি ডাকঘরের পোষ্ট মাষ্টার সুশীলকুমার মণ্ডলকে গত বৃহস্পতিবার গ্রেপ্তার করেছে। এ বছর এপ্রিল মাসের গোড়ার দিকে ডাকঘরের পোষ্টাল ব্যাগ থেকে এক হাজার টাকা খোয়া যাওয়ার ঘটনা তদন্তের পর তাঁকে গ্রেপ্তার করা হয়েছে বলে পুলিশ সূত্রে জানা গিয়েছে। জঙ্গিপুর আদালত থেকে তিনি 'টাউন জামিন'-এ মুক্তি পেয়েছেন।

**পার্সেল চুরি :** গত ১০ সেপটেমবর রঘুনাথগঞ্জ থানায় আর একটি পার্সেল চুরির ঘটনা লিপিবদ্ধ হয়েছে। অভিযোগে প্রকাশ, ননীগোপাল বসু ৫ সেপটেমবর রঘুনাথগঞ্জ ডাকঘর থেকে নৈহাটির অনন্ত দের কাছে যে পার্সেলটি পাঠিয়েছিলেন সেটি চুরি গেছে।

### 'হাসপাতালে টাকার খেলা'

( ১ম পৃষ্ঠার পর )

টাকার খেলা'র প্রতিবাদ জানালে উত্তেজনার সৃষ্টি হয়। মুরারীপুকুর গ্রামের গোপালচন্দ্র দাস প্রতিকারের দাবি জানিয়ে লেখা একটি চিঠিতে ঘটনাটি জানিয়েছেন। সুতী থানা জনতা পারটির পক্ষ থেকে এ ব্যাপারে সুতী ২নং ব্লকে একটি স্মারকলিপি দেওয়া হয়েছে বলেও খবর পাওয়া গিয়েছে।


### শিক্ষক আবশ্যক

একজন ( বি, এ ) শিক্ষক প্রয়োজন। প্রকাশের সাত দিনের মধ্যে যোগাযোগ করুন। সম্পাদক, মাদ্রাসা হুসেনিয়া জুঃ হাই, পোঃ রমনা সেখদীঘি, মুর্শিদাবাদ।

Wanted a B. A. (Hons.) or an M. A. with Hons. in English preferably trained. Asst. Teacher for Jajigram Sarbodaya Ashram High School, P. O. Jajigram, Birbhum. Apply to the Secretary by 12 10. 77.

Phone - Farakka 24

**ডাঃ এস, এ, তালেব**

ডি এম এস


পোঃ ফরাক্কা ব্যারেজ, মুর্শিদাবাদ।

হোমিওপ্যাথি মতে যাবতীয় পুরাতন রোগের চিকিৎসা করা হয়।


### সড়ক পরিবহণ ব্যবস্থা সঙ্গীন

( প্রথম পৃষ্ঠার পর )

যান সমস্যা যখন প্রকটভাবে মহকুমার বিভিন্ন প্রান্তে চলাচলে বিঘ্ন ঘটাচ্ছে ঠিক সেই মুহূর্তেই মহকুমার সড়কগুলির অবস্থাও চরমে উঠেছে। গ্রামাঞ্চলের রাস্তাগুলির দুর্দশার কথা বাদ দিলেও রক্ষণাবেক্ষণের অভাবে যান ( বাস, ট্রাক ইত্যাদি ) চলাচলের উপযোগী রাস্তাগুলি আজ যে অবস্থায় পৌঁচেছে তাতে শুধু যানবাহনের ক্ষতিসাধন হচ্ছে তাই নয়, মানুষের নিরাপত্তাও বিঘ্নিত হচ্ছে। উত্তরবঙ্গের সঙ্গে স্থলপথে কলকাতার যোগাযোগের একমাত্র রাস্তা ৩৪নং জাতীয় সড়কের রঘুনাথগঞ্জ-ফরাক্কা যাঁরা যাতায়াত করেন তাঁরা এই সড়কের দুরবস্থা সম্পর্কে পূর্ণ ওয়াকিবহাল রয়েছেন। এই সড়ক দিয়ে প্রতিনিয়ত হাজার হাজার ট্রাক-বাস প্রভৃতি চলাচল করে। এর মধ্যে অনেকেই দুর্ঘটনার কবলে পড়েন। বহু লোক প্রাণ হারান। গত কয়েক সপ্তাহে অন্ততঃ ১০ ব্যক্তি এই এলাকায় বিভিন্ন যান দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন। ছোট রাস্তা, জ্যামের ফলে ঘণ্টার পর ঘণ্টা যান চলাচলে বিঘ্ন ঘটছে। কিন্তু রাস্তার সংস্কারে রাজ্য সরকার সচেষ্ট হননি। ফলে মহকুমার মানুষের দুর্ভোগ বেড়ে চলেছে, পথ চলাচলে জীবনের নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে। রঘুনাথগঞ্জ-মুরারই ও রঘুনাথগঞ্জ-সাগরদীঘির রাস্তা দুটির অবস্থাও সন্তোষজনক নয়। এ রাস্তাতেও বিভিন্ন যান দুর্ঘটনায় কয়েকটি প্রাণ অকালে বলি হয়েছে। বহু যান দুর্ঘটনায় পতিত হয়েছে। সব মিলিয়ে এই মহকুমার সড়ক ব্যবস্থা আজ সম্পূর্ণভাবে বিপর্যস্ত। আর এই বিপর্যস্ত সড়ক ব্যবস্থার উন্নয়নে সরকারের পূর্ত বিভাগ আজো চরম উদাসীন। হয়ত বা নির্দ্দিষ্ট সংখ্যক মৃত্যুর কোটা পূরণের অপেক্ষায় দিন গুণছেন।



রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত-প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।